শারদীয়া লিপিকা

Editor: Dr. Jharna Chatterjee

Published: September 2009

Cover Design: Shubhayan Roy

Volume 3 / Issue 1

৩য় বর্ষ ১ম সংখ্যা

NATURE AT ITS BEST – COLLAGE 1

Tanima Majumdar



লিপিকা, দুর্গাপূজা সংখ্যা, ২০০৯
সম্পাদকীয়

বাইরে তাকিয়ে দেখছিলাম শরতের আকাশে বকের পালকের মত নরম শাদা মেঘ ভেসে চলেছে, চতুর্দিকে চন্দ্রমল্লিকার সাতরঙা উজ্জ্বল হাসি, আর মেপল পাতায় আবীরের লাল-গোলাপী ছোঁয়া লেগেছে। এখনও বুনো হাঁসদের ডাকাডাকি আর পান্নার বনের ধারে নীলকান্তমণি-রঙ জলের খোঁজে তাদের দক্ষিণের অভিযান তেমন ভাবে শুরু হয়নি - কারণ এবার পূজো অনেক তাড়াতাড়ি আসছে। তবু অনেক দূরের অনেক স্মৃতির ডালাভরা শিউলি, স্থলপদ্ম আর কাশফুলের বদলে অটাওয়ায় তো এইগুলোই আমাদের মনের দোতারায় আগমনীর মনকেমন-করা সুর বাজায়। যেমন বেলপাতার বদলে আমরা মেপল পাতা ব্যবহার করি, খানিকটা তারই মত। দেশান্তরীর পূজা-কমিটীর তত্ত্বাবধানে সর্বাঙ্গীন প্রস্তুতি চলেছে । নানা বিভাগের ভার যাঁদের ওপর তাঁদের এখন নিঃশ্বাস ফেলার সময় নেই। পূজা আর নৈবেদ্য থেকে শুরু করে মঞ্চ তৈরী, প্রতি বেলায় আনন্দভোজের আর প্রতি সন্ধ্যায় জন-বিনোদন-মনোরঞ্জনের আয়োজন, এ সব কিছুই যথাযথভাবে ছুটে চলেছে। অন্যেরা অর্থাৎ যাঁরা সোজাসুজি এই সব কিছুতে জড়িয়ে নেই, তাঁদেরও উত্তেজনার শেষ নেই। কি নাটক হচ্ছে এবছর, কে পরিচালনা করছে, কারা অভিনয় করছে এইসব জল্পনা-কল্পনায় ঘরোয়া আসরগুলো সরগরম।

আমাদেরও একটা ছোট্ট দায়িত্ব আছে: শিশু ''লিপিকা''কে সাজিয়ে গুছিয়ে পূজায় সবার হাতে তুলে দেওয়া। অন্যান্যবারের মত এবারকার লিপিকাতেও প্রাচুর্য না থকলেও আছে বৈচিত্র। তথ্য-সমৃদ্ধ প্রবন্ধ থেকে কৌতুকের আলো-ঝলমলে ছোট গল্প, কবিতা, গান, গভীর অর্থপূর্ণ ছবি কিছুরই অভাব নেই। আছে শিশু, কিশোর-কিশোরী সদস্যদের চমৎকার লেখা, আঁকা। আর আছে আমাদের কন্যাসমা এক শিল্পীর ক্যামেরায় তোলা কিছু অপূর্ব সুন্দর ছবি।

একটা অনুরোধ করব এই সুযোগে। দেশান্তরীর সদস্যদের মধ্যে সহস্র গুণের সমাবেশ, এ সম্বন্ধে আমি নিঃসন্দেহ। কিন্তু ছোট-বড় সবার উৎসাহ আর অকৃপণ অংশগ্রহণ নইলে লিপিকার সাফল্যের ক্রমবিকাশ অসম্ভব। তাই একান্ত অনুরোধ করছি সবাইকে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে। স্থানীয় লেখক-লেখিকাদের লেখা পড়তে তো হবেই, সে লেখা দেশের বড় বড় লেখক-লেখিকাদের সৃষ্টির সমগোত্রীয় না হলেও। করতে হবে শিল্পীদের ছবির সমাদর। এছাড়া নিজেদেরও লিখতে হবে, ইংরেজী অথবা বাংলায়। প্রাণ ভরে। একটা ভাল সাংস্কৃতিক প্রচেষ্টাকে আরও সুন্দর করে গড়ে তোলার দায়িত্ব নিতে হবে সবাইকেই, ব্যক্তিগত প্রশংসার আশা না রেখে। ঠিক এই ধরণের নামহীন, অযাচিত, আন্তরিক ও অমুল্য সহযোগিতার জন্য আদিত্য চক্রবর্তী (সর্ব ঘটে কাঁঠালী কলা) এবং নন্দিনী সেনগুপ্তকে (web master) জানাই অসংখ্য ধন্যবাদ - তা না পেলে 'লিপিকা' বাঁচত না। শুভায়ণ দূরে গিয়েও তার আঁকা প্রচ্ছদ দিয়ে লিপিকাকে সমৃদ্ধ করেছে, তাকেও অসংখ্য ধন্যবাদ।

সবার হয়ে প্রার্থনা করি পূজার কোলাহলে যেন ভুলে না যাই দুর্গা পূজার অন্তর্নিহিত আদর্শ। আমাদের এই দেবতারা যে সর্ব-শক্তি-প্রদায়িনী সর্ব-শক্তি-মিলিত একতার (দুর্গা), নির্মল জ্ঞান-বিদ্যা ও শিল্পের (সরস্বতী), সিদ্ধির পথ-প্রদর্শক ও বিঘ্ন-বিনাশক ধৈর্যের (গণেশ), শৌর্য-বীর্য ও সাহসের (কার্তিক) আর দানসমৃদ্ধ ঐশ্বর্যের বা প্রকৃত শ্রীর (লক্ষী) প্রতীক সে কথা যেন মনে রাখি, যেন নিজেদের জীবনে তার সত্যিকারের পূজা করি। সুর আর অসুরের চিরকালীন দ্বন্দ যে আসলে আমাদের মনেরই মধ্যে - কে জিতবে তা যে নির্ভর করে আমাদের শুভবুদ্ধির উপরে, সে কথা কখনও যেন ভুলে না যাই। তা নইলে পূজা করাই যে ব্যর্থ। ''তোমার পূজার ছলে তোমায় ভুলেই থাকি'', কবির এই সাবধান বাণী আমাদের পথে মাঙ্গলিক আলো জ্বেলে দিক।

সব শেষে সবাইকে জানাই আমার শুভকামনা। শুভায় ভবতু ।।

ডক্টর ঝর্ণা চ্যাটার্জী,
সম্পাদিকা, লিপিকা।

Lipika: Durga Puja Edition, 2009
Letter from the Editor

Once more the tell-tale signs are everywhere: the Maple leaves have been touched by pink and red abeer; the feathery, white wisps of cloud are replacing the dark storm clouds, or so we hope! We are gearing up to celebrate Durga Puja with all our traditional activities: the priests are scheduling their participation in the Puja; the cultural activities have been planned; rehearsals are in full swing. The Puja preparation coordinator has made phone calls requesting volunteers to make sandesh and naroos for naibedya; the food coordinator is recruiting team leaders and volunteers for serving; the brochure coordinator is trying for advertisements; and last but not the least, the President and Vice-Presidents are looking at the budget and "checking it twice" as they are hoping to complete all the festivities with a black bottom line. A few of us, however, are busy with publishing our fledgling web-magazine, Lipika.

Like the previous editions, this one is also rich in its diversity – and offers a wide range of items, from fact-enriched articles to sunny, fun-filled stories and songs and poems, paintings, as well as outstanding submissions from our young members including a small sample of magnificent photos taken by one of our young members. No one should miss them!

I would like to take this opportunity to request Deshantari's numerous talented members – young and young-at-heart – to send us their contributions for Lipika's next edition (targeted for sometime around Rabindra-Jayanti). This is a forum for sharing literary and artistic creations with local connoisseurs, and greater participation is the only way for this web-magazine to flourish. Without readers' enthusiasm for appreciating local writers' creations and potential contributors' willingness to participate, "Lipika", this worthwhile cultural entity, cannot grow. My special thanks to Aditya Chakravarti (all-round help) and Nandini Sengupta (web-master) for their abundant enthusiasm and sincere assistance to make it possible for Lipika's continued existence. I am also grateful to Shubhayan Roy, who no longer lives in Ottawa, but has never failed to take time to design an attractive and appropriate cover page for Lipika from the very first edition.

My prayer to Ma Durga for all of us: May we always hold the underlying significance of Durga Puja in our hearts. May we remember the infinite power of united strength (Durga), of learning and knowledge (Saraswati), of graceful

wealth and giving (Lakshmi), of perseverance that removes all obstacles and leads to success (Ganesh), and valour in the face of destructive crisis (Kartik) - attributes that our deities symbolize. Above all, may we never forget that the struggle between good and evil is ultimately within ourselves, and only we can decide who would win. Without following these ideals, Puja becomes merely a meaningless, materialistic series of rituals.

I will end this letter with my very best wishes to you all. Let our thoughts and deeds be auspicious!

Dr. Jharna Chatterjee
Editor, Lipika

২০২০
ঝর্ণা চ্যাটার্জী

আমাদের ভোলানাথ শিব যুগে যুগে তাঁর আশুতোষ স্বভাবের জন্য অনিচ্ছায় অনেক ঝামেলা বাধিয়েছেন যাকে তাকে যা খুশি তাই বর দিয়ে। স্বর্গের সিংহাসন আনেক বার যায় যায় এই অবস্থা হয়েছে, দেবরাজ ইন্দ্র তখন আকুল হয়ে জনে জনে দরবার করে যুদ্ধ-টুদ্ধ বাধিয়ে কোন মতে ইন্দ্রত্ব বজায় রেখেছেন। কিন্তু এবার বুঝি আর শেষ রক্ষা হল না। ব্রহ্মার সেরা সৃষ্টি মানুষ বুঝি আর ধরা ধামে থাকল না। ব্যাপারটা একটু বুঝিয়ে বলি তাহলে।

এই ধরুন ২০১০ নাগাদ বড় বড় সব পদার্থবিদরা প্রচণ্ড আলোচনা এবং গবেষণা করে চলেছেন বিশ্ব-ব্রহ্মাণ্ড রসাতলে যাবে কি ভাবে সেই রসালো বিষয়টি নিয়ে। কেউ বলছেন মাধ্যাকর্ষণ জিতবে, সব সৃষ্টি এক বিন্দুর মধ্যে ঘনীভূত হবে, আর সেই মহা চাপের ফলে আবার মহা বিস্ফোরণ অর্থাৎ Big Bang থেকে কেঁচে গন্ডুষ হবে। অন্য কেউ কেউ বলছেন, আরে না, না, জিতবে তো সেই মহা বিস্ফোরণ, সেই যে বারমুখী হল অণু পরমাণু - আর কি তাদের ঘরে মন টেঁকে? সেই যে কি একটা কবিতা আছে ''হেথা নয়, হেথা নয়, অন্য কোথা, অন্য কোনখানে'' সেই কবিতাটা সমস্বরে আবৃত্তি করতে করতে আরও আরও দূরে ধেয়ে চলেছে তারা কোনও পরিণতির কথা চিন্তা না করে, আর সেইটাই হবে কাল। সব ছড়িয়ে ছিটিয়ে মহাকাশে মিলিয়ে যাবে, আর কোনও চিহ্ন থাকবে না। আর বিশ্ব-ব্রহ্মাণ্ডই যদি না থাকে, তাহলে মানুষ আর কি করে থাকবে? আসল ব্যাপারটা - অব্যবহিত পরে যেটা হবে সেটা অবশ্য এঁদের কারোই মাথায় আসেনি। সেই বৃত্তান্তই বলছি এবার।

ওদিকে কিছু পরম ভক্ত লোক ভক্তি ভরে পূজা অর্চনা করে চলেছে আর প্রার্থণা করে চলেছে ''ঠাকুর, টাকা পয়সা বেশি করে দাও, ইনফ্লেশনে যে সব জিনিসের দাম অগ্নিমূল্য হয়েছে। আর তাছাড়া এই রিসেশনের মধ্যেও কিছু লোকের বড় বাড় বেড়েছে, তাদের সাথে আর পাল্লা দিয়ে কুলোতে পারছি না।'' তো প্রথমে তারা গেল ব্রহ্মার কাছে। হাজার হলেও তিনি পিতামহ, senior-most - তাঁর সম্মান আলাদা। ব্রহ্মা ধৈর্য ধরে সব শুনে-টুনে বললেন ''দেখো বাছারা, টাকা পয়সার ব্যাপারটা আমি তেমন ভাল বুঝি না, তোমরা শ্রীমতী লক্ষ্মীকে ধর।'' লক্ষ্মী সব বৃত্তান্ত শুনে টুনে বললেন, ''টাকা তো আর গাছে ফলে না, এটা কলি যুগ। আবার কুবেরকে লিখিত আদেশ দিতে হবে, লেখাবার জন্য গণেশকে ধরতে হবে, নিজে গিয়ে আমার id আর এই আদেশের কারণ দেখাতে হবে, না হলে কুবের টাকা বার করবে না। আজকাল ঐ stimulus package, terrorism আর organized crime-এর জন্য অনেক বেশি কড়াক্কড়ি হয়েছে টাকা পয়সার লেনদেনের ব্যাপারে । তবে তোমাদের অপছন্দের লোকেদের যদি ঢিট করতে চাও তো আমার মা'র অর্থাৎ দেবী দুর্গার কাছে একবার যাও, এই ব্যাপারটা দুর্গতি বিণাশের আইনের আওতায় যদি ফেলতে পার, তাহলে কাজ হলেও হতে পারে।'' সবাই অগত্যা চলল মা দুর্গার কাছে। কিন্তু মুশকিল হল ওই ''সর্ব মঙ্গল্যে'' ক্লজে। মা দুর্গা বললেন ''দেখো, আইনতঃ ওই সব লোকেদের মঙ্গলটাও তো আমি না দেখে থাকতে পারি না, শেষকালে পক্ষপাতিত্বের দায়ে আমার দেবীত্ব হারাব। জানো তো সোনিয়া

সোডোমায়ারের ঘটনাটা! Sorry, আমার হাত-পা বাঁধা। তবে একটা পরামর্শ দিচ্ছি, off the record, তোমরা শিবকে গিয়ে ধর, আসলে উনি মানুষ, থুড়ি, দেবতাটি ভাল, ওঁর ভাল mood-এ থাকলে উনি কিছু করলেও করতে পারেন ।''

ক্ষুণ্ণ মনে ''তবে তাই করি'' বলে ভক্তবৃন্দ তখন শীতের জামা-কাপড়, জুতো ইত্যাদি জোগাড় করে কৈলাস অভিমুখে যাত্রা করল। শিব তখন গাঁজা সুখ-সেবন করে দিবানিদ্রায় একটু গা এলিয়েছেন। হঠাৎ ঘুম ভাঙালে আবার মদনের দশা যদি হয় সেই ভয়ে ভয়ে ভক্তরা ধর্ণা দিয়ে পায়ের কাছে বসে রইল এক যুগ। পায়ের কাছে বসল এই ভেবে যে বুদ্ধিমান অর্জুন ঐভাবে সাক্ষাৎ কৃষ্ণকে নিজের ড্রাইভার বানিয়েছিল অত বড় কুরুক্ষেত্রের যুদ্ধে। যাই হোক যথাসময়ে শিব ঢুলু ঢুলু চোখ মেলে তাকালেন। এত বড় delegation দেখে বুঝলেন ছোটখাট আবেদন নিয়ে এরা আসে নি। বুড়ো আঙুল আর মধ্যমা দিয়ে তুড়ি মেরে, হাই তুলে জিজ্ঞেস করলেন, ''কি চাই তোমাদের?''

একজন পাণ্ডা মত ভক্ত এগিয়ে এসে তাঁর ধূলোমাখা পা থেকে এক খাবলা পদধূলি নিয়ে মুখে আর মাথায় মেখে বলল ''হে দেবাদিদেব মহাদেব, আমাদের একটা ব্যবস্থা কর প্রভু! টাকা পয়সার কষ্ট না হয় সহ্য করা যায়, তা ছাড়া প্রতি বৃহস্পতিবার মা লক্ষ্মীর পূজো করলে আর পুরুত মশাইকে ভাল করে দক্ষিণা ধরে দিলে কোনওমতে দিন চলার মত রসদ জোগাড় হয়ে যায়। কিন্তু প্রভু, এই যে কিছু লোক যাদের দু চোক্ষে দেখতে পারি না, তাদের যখন বিশাল বাড়ী, ঢাউস গাড়ী, আরও কত রমরমা দেখি, তখন যে বড়ই কষ্ট হয় বাবা! না দেখেও পারি না, আবার দেখলেও গা জ্বলে যায়। তুমি একটু দয়া কর বাবা, তাহলে .....'' কথাটা লোকটি শেষ না করলেও শিব তো সেদিনের খোকা নন, ঠিকই বুঝতে পারলেন তাদের আবেদনের মর্মার্থ।

শিব জটাতে তা দিলেন দু-এক মুহূর্ত চোখ বুজে। তারপর প্রসন্ন হেসে বললেন, ''তোমরা খুব ভাল সময়ে এসেছ। আজ নন্দী বড় ভাল সেজেছিল গাঁজার কলকেটা। তার আগে সিদ্ধির সরবৎটাও বানিয়েছিল ভাল। দুর্গা আগে ভাগে তাঁর বাপের বাড়ী গেছেন কয়েকটা দিন বেশি থাকবেন বলে। এই সময় ছেলেমেয়েদের পড়া আর activities একটু কম। গোলমাল কম থাকায় আমার বিশ্রামটাও ভাল হচ্ছে, মনটাও ভাল আছে । তাই তোমাদের এমন একটা অত্যাশ্চর্য বর দেব যে আর কখনও তোমাদের অপছন্দের লোকদের দেখে কষ্ট পেতে হবে না। শোন, বর দিচ্ছি যে তোমরা যাদের কথা মনে মনে ভাববে আর নমো শিবায় বলবে, তারা সংগে সংগে ছাই হয়ে আকাশে-বাতাসে আর মহা শূন্যে মিলিয়ে যাবে। কোনও রক্ত না, কোনও gun- residue না - কোনও mess না। কেমন, খুশি?''

সুধীগণ, এবার বুঝে নিন কি হোল তার পর। কোনও একজন মানুষেরও নিজেকে ছাড়া আর কাউকে ঠিক শতকরা ১০০ ভাগ ভাল লাগল না, এবং কাউকে একটুও অপছন্দ হলেই ''নমো শিবায়'' বললেই আর কোনও ঝামেলা রইল না। মজা হচ্ছে যে ব্যাপারটা সবার ক্ষেত্রেই প্রযোজ্য। বৈজ্ঞানিকদের তো এরা অনেকেই দু চোক্ষে দেখতে পারত না। তাই তাঁরাও রেহাই পেলেন না। আস্তে আস্তে সারা পৃথিবীতে শুধু পড়ে রইল কিছু ছাই - মানুষ বলে একটা প্রাণী যে ছিল কোনদিন, তার চিহ্নও থাকল না কোথাও। ব্রহ্মা যদিও পুংলিংগ-স্ত্রীলিংগ মিলিয়ে, নাহলে আর তাঁর অণ্ড মানে ডিম কি করে হবে, আর দাড়িই বা কি করে থাকে, তবু বার বার অত ঝামেলার মধ্যে যেতে কি তিনি রাজী হবেন? মানে আবার নতুন করে মানুষ সৃষ্টি করা তো আর চাট্টি খানি কথা নয়! বিশেষতঃ এমন কাণ্ডের পরে।

Devi as Mother Kali In Hinduism

Dr. Sourendra K. Banerjee

1. **Introduction**: Divinity is designated as Brahma(n) which means Immensity (of beings, ideas, etc), the root “Brh” means to grow or burst forth. Brahma is the source, sustenance and finality of all those were, are or ever will be. Gender free, ‘That’ is unqualifiable (Nirguna) as well as qualifiable (Saguna), more aptly they describe Brahma as perfect quiescence or tranquility, though (potentially) infinitely powerful. Om/Aum (Aumkar, Shabda Brahman/Sound God and Shaiva/Shakta term Spanda/vibration) links and leads the ‘Static’ to the ‘Dynamic’ and vice versa. Brahma as Nirgun, Sagun and Om are (Katha Up 1:2 14-16) like “Trinity”: three but One, without second (Ekamebadvitiyam). In Shaiva/Shakta Hinduism ‘Shiva’, ‘Shiva Shakti’, ‘Shakti’ are synonymous with Brahma. The Hindu practice of having ‘Ista Devata’ or Chosen God suggests a personal image of God (Converse concept of: God made man in His own image) is an initial step towards the formless Divinity. Diverse scriptures, their interpretations and numerous rituals and mantras add to help us grasp the multidimensional Truth (scholars explain variously the “One truth”, Rigveda 1.164.46), as Physics, Chemistry etc and their sub branches help us to understand the Science. Shaktism stresses on the designation Shakti (female) who is inseparable from Shiva (male). Shiva is pure Consciousness and Shakti is His Power. Shakti as Spanda makes manifestation of the universe possible without undergoing any diminution.

2. **Consciousness**: It causes or tends to cause the constituent units of a being to move proactively or reactively and form a structure, survive and evolve individually, as well as, collectively. This nature may be mechanical for inanimate and an urge in animate beings. The universe (Jagat = Gam + kyip = that moves) evolved by movements of released energy, which coalesced as subatomic, atomic and molecular particles. In some, they formed proteins, RNA, DNA etc. and eventually human beings evolved. In people consciousness is equivalent to brain functioning that coordinates sense organs, motor organs, breathing, eating, calorie distribution, speaking, hearing and so on. These involve movements of light particles, sound waves etc. It is not fully understood how the brain works, e.g. how it makes sense out of the reduced, inverted images on the eye’s retina. Hinduism hypothesizes that Divinity lodged in beings as “Atman” causes this, though itself, remains unchanged like a catalyst.

3. **Shaiva/Shakta Cosmology**: Divinity (Consciousness) is the material cause of the universe in accordance with the ‘sat karya vad’. This doctrine, (like the conservation of energy) states that any effect is just a rearrangement of the constituent units of its previous causes. Therefore all beings can be traced back to Divinity. Shakti condensed as ‘Bindu’ like the singular point (radius and time going to zero) with infinite energy. Here the primeval power (Adya Shakti) generated 36 Tattvas or primary substances as an amalgam (pinda). These include five divine structures, progressively less subtle, followed by seven semi-divine tattvas: Maya, Kal/Time, Niyati or Niyamavati/Rules etc. and Purusa (‘that lies internally’). Then came 24 mundane tattvas starting with Prakriti with the 3 gunas: Sattva/luminous, Rajah/active and Tamah/Dark and hindering. These gunas generate the remaining 23 (all of Samkhya theory excluding ‘Mahat’) mundane tattvas: Ego, Intellect, Brain-Mind and five sense, five motor organs, five Tanmatras and five Bhutas. All these within the ‘Bindu’ are transcendent. Then the ‘Divine Will’ initiated Kalagni/fireworks of time (cf. Big Bang) releasing huge energy with potential units (gunas) of matter. The gunas’ combinations caused (Parinam) the Universe. In human beings Consciousness hardened into five shells: physical, vital, mental, intellectual and blissful. However ‘It’ remained unchanged in the centre as Atman. This can not shine through because of our past deeds. Bindu is our transit station in journey through life cycles.

4. **Shakti As Devi (Goddess)**: Describing the Intangible Divinity as creator God is symbolization. Hinduism goes further and visualizes Shakti in female forms. Even a physicist like Stephen Hawking acknowledges that mental pictures help understand higher dimensional concepts. Hinduism sees Shakti as Mother, who presides over the emergence of the universe, nourishes and finally dissolves it back. Different scriptural episodes gave rise to a multiplicity of portraits, because ‘one’ may be incomplete for the ‘Infinite One’. A Hindu understands that an idol is merely a ‘Pratik’ - a symbol that moves him /her towards experiencing the Divinity. He prays, practices rituals, invokes presence, worships and finally bids adieu by immersing the spiritless idol in a river. The same detached attitude is encouraged when a dead person is cremated.

Most visual forms (Saraswati, Durga, Laksmi, etc.) present the Devi as benevolent, typified by the model of 'Mani Dvipa’ (Island of Jewels), but the nagging question remains about ‘Evil’. Death and destruction of innocents are common. Hinduism accepts the unavoidable tragedies (man-made or Nature’s ravages) as Niyati. The universe evolves by its laws. The individual’s thoughts, words and actions have consequences. It is our duty to alleviate misery but accept which is beyond us. The goal is to transcend both pain and pleasure. The subliminal message in both Lord krishna’s flute and Goddess Kali’s sword is that we let go our bond (family’s love as well as fate’s tragedies). Krishna as “Man-chore” steals our mind and ‘Dakat’ Kali robs us of attachments.

5. **The Island of Jewels**: Mani Dvipa (plate No. 66, Zimmer And Campbell, Bollingen Series, 1955) presents a lovely, tiny fragile island in the vast ocean. Two Shivas (Nirguna and Saguna) float, the second on top of the other. The oval island is covered by the Goddess 'Tripura Sundari' (The Beauty of the three worlds). She is the creatrix of the universe and its riches. The fragrant trees grant all wishes (Chinta Mani; Kalpa Taru). She is MahaMaya (the great Maya), 'Ma' here means to 'measure out' as in 'Pariman' (quantity) and Aya or Ayam means 'this' (object). Maya is the great power that affirms the world. She holds in her four arms: bow, arrow, noose and goad. The arrow pierces through evil thoughts, requiring strong will suggested by the bow. The noose is the reminder that human beings are fettered. The goad is to tame the animal instincts in us. The Goddess will lead us to true consciousness. To the skeptics the picture of Goddess's 'bounty and beauty' is not realistic. The world abounds with cruelty and injustice. Life feeds on life in Nature but people kill for no reason. The portrait of Kali complements that of Mani Dvipa by presenting the darker side of life. We mentioned Goddess Laksmi, who is worshipped as Goddess of wealth 'Kojagari Laksmi' on the full moon day after Dusserah and a fortnight later on Deepavali day, as 'Deepanvita Laksmi' in the same way except first 'Alaksmi' is worshipped.

6. **References**: Kali is invoked in Agni and Garuda Puranas (both around 600 C.F) for spiritual as well as mundane attainments. In Bhagavat Purana (about 7th-8th cent) the Mother is worshipped by a band of robbers who are perished for killing a saintly person. Kadambari (End of 7th cent) talks about Goddess Kali. In Vakpati's Gaurabaha (8th cent) she is called 'Aparna' who does not eat even a leaf while meditating for lord Shiva. In Chandi she comes out of Durga's forehead and kills the demon Raktavija (who could reproduce himself from even a drop of his blood on the earth) by drinking his blood. This story suggests that as soon as an evil thought comes, it must be destroyed before others can grow. Also in Chandi Shiva creates Kali to destroy the demon Daruka when Parvati fails. Varuna Purana identifies Kali as Parvati. Kausiki says Gouri, Parvati and Kali are the same. Advuta Ramayana (in Oriya) says Sita is Kali. In an architectural text Mansar Silpa (6th/7th century), it is stated that a city is protected by Kali in a temple outside the township. Here she is Tripuresvari, the goddess of three worlds. All these stories point out the Oneness of Shakti though visualized differently. She bears various designations, such as MahaSarasvati when she creates, Mahalaksmi when she nurtures and Mahakali who would finally dissolve us back in Her lap. As Brahmani she bestows us with sentience (Samvit) and the instinct to survive by Rajah guna, as Vaisnavi she endows us Sandhini Shakti (Harmony) by Sattva guna, finally Her Hladini Shakti by Tamah guna disintegrates us back to 'true bliss'.

7. **Kali**: Portrait and Names.: Iconography is the understanding of what an image communicates to the receptive observer. Here is a bold attempt to depict the unfolding of Eternity to emerge as the universe of forms defined on 'space- time'. Divinity is shown as the ocean of consciousness (as in Mani Dvipa). Here Saguna Shiva floats like a shava

(corpse). Shakti arises as the deity presiding over universe's emergence. She is within the frame (the universe) but contains and lords over it. Kali as the flow of time (kal) entangled with space (kala) is the Mother. The foundation (Bhuma) Shiva as Mahakal is Eternity. Her dance (rhythm) on His breast is echoed by William Blake (d.1827) 'Eternity is in love with the productions of time'. This is called 'Viparit Rati' or contrary love. The Mother is on top of Shiva, but the universe is temporal and would dissolve in the ocean of Consciousness. The Mother bites Her tongue, Her created beings' vanity went too far. Kali means black, She is Shyama. Chhandogya Up (8.13.1) says Shyam as colourless blackness represents the undifferentiated Brahma from which the varieties of the universe arise. She is Digambari or Dikpata Dharini i.e. naked (except a waist band and a garland). Digambari (Dik/space +Ambar/clothes) means 'clothed in space'. Dikpata Dharini is the one who wears space as a screen. The mother uses 'space-time' as a screen on which She as 'MahaMaya' stages the show of events out of "non-events" (aghatan ghatan patiyasi). Ma in Maya here negates the externalities of objects. All beings are insubstantial superposition (Adhyayas) on 'Atman'.

Like Mani Dvipa, some images show two Shivas but usually only one is there. Otherwise Kali is a complete contrast to Tripura Sundari, with red blood gushing out from black background. This reminds poet Rabindra Tagore's lines (Chanchala) 'sharp red rays cause varieties of colours rushing out of dark night'. Red is the symbol for both creativity and destruction. Menstruation means fecundity as well as pain. Severed heads in goddess's necklace show the closeness of life and death. In Tagores words 'they are joined together by the thread of blood' (Dhusar Godhuli Lagne). By overcoming the cycle of life and death, one would reach Consciousness.

Mother Kali is waging war against evil and ignorance. She has a sword in her upper left arm. We ought to cut our bond with the profanity of the world and struggle for self development. The lower left arm has the bleeding head of a demon, the devilish nature within us must be destroyed. In 'abhay mudra' the upper right hand holds the flag of fearlessness. She is Kalika, the remover of fear of death (Kal). The lower right hand gestures 'Vara-dana' or boon of Moksa (Salvation). The Mother's flowing hair indicates that her creatures are 'pasha-baddha', fettered souls, because of their deeds in the present and previous incarnations. She would free the deserving ones. Her waist-band suggests the way of desire-less work/Niskama karma. A hand represents work in concert with five karmendriyas, five sense organs and mind. The number of hands on the mother's waist is 11, some times 16 (Pancha Bhutas, or Buddhi etc are added). We must work for the family and humanity, selflessly and all deeds be dedicated to the Mother.

Most people are overwhelmed by the necklace of human heads. A head signifies the transition from life to 'after life'. It is the seat of human consciousness. A head is the location of the brain and sense organs, the throat and tongue help articulation of speech.

Thus, the head can be the link to Divine consciousness. The 49 alphabets are the primary mantras generated by the Vija Mantra Aum. Shiva is the Soul, Kali is speech. She holds the thread of manifested souls. The Mother's garland is a stark reminder that pure consciousness is achievable only by transcending the cycle of life and death (Bhava Chakra). Some descriptions of the Mother's drinking from a human skull symbolize that, we get rid of the delusory world. Kali Theology transforms death, pain and misery to the redemptive theology of Moksa.

8. **Cosmology (Revisited) And Mantra**: Cosmology of section (3) (Bhuta Prapancha) stresses the body-mind structures. A simultaneous complementary 'shabda prapancha' is the development of language. Shabda Brahman as the 'Ataman' is our internal truth where sound remains in the para (Divine) level. The next is Pasyanti or Divine Ideation, in us is a door to Divinity. At Madhyama or middle level, Divine speech is presided by Goddess Bharati (Rigveda I.142), followed by 'suksma vaikhari'(subtle hard) when words inaudibly float (as Goddess Sarasvati) in the firmament. Sages can hear them. In the last state of sthula-vaikhari (hard core) worldly language ('Ila' is in-charge) develops.

Mantra Marga is the way of elevating the worldly language to the highest level. A mantra as sound or word or combination of words saves (Tran) and raises the individual to the Divine level (Author's article in 'Gayatri' of Toronto Kali Bari 2001). It allows Manan or self reflection and establishes resonance with cosmic consciousness. A devotee who understands and meditates on Mantras like Soham, Aham, Sauh, Krim etc and of course 'OM' may, by Divine grace acquire the goal. (i) Soham stands for Sah/He or 'Saah/She and Aham/'I'. This mantra captures the spirit of Vedic 'Mahavakyas' (great sayings) like 'Tattvamasi' (Tat/That +Tvam/you+Asi/are), 'Aham Brahmasmi' ('I' am Brahma), 'Ayam Atma Brahma' (This indwelling self is Brahma) etc. (ii) The mantra Aham also expresses the similar concept. A is the first Sanskrit vowel that stands by itself. As Apurva (unprecedented) and Anuttar (nothing succeeding) A stands for Shiva. AHa, as the set of alphabets A to Ha, represent the primary sound waves generated from OM (Aum) and creates the universe. AHa is Shakti. M (Anusvar written as a dot) is Jivatman where Shiva and Shakti merge. Thus Aham expresses 'Shaiva Trikvad' that Divinity has three coordinates: Shiva, Shakti as Prakiti and Jivatma. The realization of this is salvation. (iii) The mantra Sauh is the combination of Sa or Sat, Au, and Visarga (two dots, one above the other). Sat as existence is the external world. Au stands for 'Abhyu-upagama or acceptance of the cycle of life and death caused by Shakti. Visarga is 'Power' that digests the external world internally and helps accept that external and internal truths are same. (iv) The mantra Krim is especially pleasing to Mother Kali. This is Her Vija/seed Mantra. K Stands for Kali, R for Brahma as well as Prakriti, I stands for delusion and M is the merging of Divinity and Jivatma.

An austere practitioner follows rituals in a secluded crematorium where life is supposed to end and ‘new life’ begins. Even a hardened person would pause here for introspection. The Sanskrit word for funeral pyre is chitayam (chita for short) which combines Chit and Ayam (this), implying consciousness can be realized internally. A householder worships, prays and meditates at home. A simple way would be to perform Bhutasuddhi (see Purahit Darpan), write ‘Krim Hrim’ by using ‘ring-finger’ and utter “Om Kallai Namah”. If possible one can recite Kali Bandana and /or Karpurika stotra. Then one may think of the Mother as Kundalini Shakti (like a coiled serpent) straightening up from Muladhar (through Svadhisthan, Manipur, Anahata, Visuddha and Ajna chakras) to Sahasrar, uttering mantras Lam, Vam, Ram, Yam, Ham, Om and Aum. Then one meditates on the mantras Krim, Purnaham, Sauh, Aham, Soham, Aum (all or any). It is good to imagine that the original ‘Kalagni’ is digesting our mundane existence and only Jivatma remains in unison with ‘Shiva Shakti’. The Guru’s guidance should be followed. Hopefully by Mother’s blessing one will realize “Aham Devi Nah Cha Anyasmi, I am Devi and none other”.

Let us bow to Goddess Kali

গাধা দিয়ে শেষ

আদিত্য পদ চক্রবর্তী

প্রবন্ধ বা গল্প লেখা কি সহজ কাজ? মোটেই না - কি লিখব বা কি নিয়ে লিখব সেটাই জানি না। আশা করছি এই না জানার আনন্দেই কিছু একটা করে ওঠা যাবে। কে যেন বলেছিল খালি মাথাতে শয়তানের কারখানা। কারখানাতে শুনেছি অনেক কিছুই থাকে - হাতুড়ী, কাস্তে, নামাবলি থেকে শুরু করে নানা রকমের হাতী - যেমন জলহস্তী, স্থলহস্তী, সবই থাকে। অবশ্য পাতাল হস্তী, নভহস্তী অথবা স্বর্গহস্তী বলে কিছু আছে কিনা আমার জানা নেই। থাকলেও হয়তো থাকতে পারে। আমার অবশ্য পশুজনিত জ্ঞান খুবই কম। অঙ্ক না পারলে মাস্টার মশাই বলতেন গাধা। শুনে শুনে আমার কেন জানি ঋষভকুমার নামটা খুব পছন্দ হয়েছিল। ঘোড়ার জ্ঞানও আমার খুবই অল্প। রেসকোর্সে গেলে কে যে দৌড়ায় তাও আমি ঠিক বলতে পারব না - ঘোড়াকে দৌড়াতে হয় - নাকি আমিই দৌড়ব তাও জানিনা।

আমার ওই দোষ - গল্প লিখতে বসে বিহারী ভাইদের টেনে না আনলে যেন শান্তি হয়না। ওদের না আনলে যেন গল্পের সেই মজা বা মজার রেশ কিছুতেই আসেনা। একে রাষ্ট্রভাষার প্রতি প্রেমই বলুন অথবা বঙ্গভাইদের হিন্দী বলার ক্লেশই বলুন। মনে পড়ে আমার স্ত্রীর পরিবারের রাজস্থান বেড়াতে যাওয়ার ঘটনা। এটা আমার স্ত্রী হওয়ার আগের ঘটনা - তখনও আমার স্ত্রী অস্ত্রীই ছিলেন। সামনে এক তালাও যাকে কিনা বলে পুকুর - তখনও আমার হননি কিন্তু হব-হব শ্বশুর মশাই পান্ডাকে জিজ্ঞাসা করলেন - ইয়ে পানী গভীর হ্যায়? পান্ডা মহাশয় হাঁ করে দাঁড়িয়ে রইলেন - "গভীর" ওহ্ ক্যা হ্যায়? গভীর জানতা নহী - গভীর মানে হচ্ছে - মানে হুয়া - মানে হাম কেয়া ডুবে যাব এই জলমে? হামি সাঁতার জানতা না সেই লিয়ে পুছতা। ও -সমঝা আউর পুঁছ - নহী নহী - পুঁছ তো সির্ফ কুত্তা, বিল্লী এহি সব কো হোতা হ্যায় - আদমী কে পুছ কিঁউ হোগা?

ভাগলপুরের বসত বাড়ী থেকে প্রায় চার-পাঁচ মাইল দূরে আমাদের একটা চাষ-বাসের জমি ছিল - যাকে কিনা ইংরেজীতে বলে farm land. জায়গাটার নাম সুরাবান - মন্দারহিল যাওয়ার রেললাইনের উপর। এই মন্দারহিল এবং বরারীঘাট যাওয়ার রেল ভাগলপুর স্টেশন থেকে শুরু হয়েছে বলে ভাগলপুর ইস্টিসন হ'ল বড় সড় জাংসন ইস্টিসন। বলাই বাহুল্য আমাদের ছোটবেলায় গর্বের পরিসীমা ছিলনা। বরারীঘাটের ট্রেন অবশ্য আর নেই -গঙ্গার উপর সেতু হয়ে গিয়ে ট্রেনের দফা-রফা হয়ে গেছে।

সুরাবানের জমিতে চাষ-বাস তো আমাদের কর্ম নয় - সুতরাং মোহনা বলে একজন বটেরদারীতে কাজ করে। বটেরদারী বলতে মোহনা এবং তার পরিবার যা উৎপন্ন করবে সেই জমি থেকে - তার অর্দ্ধেক ওর আর বাকী অর্দ্ধেক আমাদের। অবশ্য ওদের নিজেদের কিছু গোরু, বাছুর, ষাঁড়ও ছিল। গোরুর দুধ বিক্রী করত আর ষাঁড়দের চাষ-আবাদের কাজে লাগাত।

মোহনা যদুবংশীয় অর্থাৎ কিনা বিহারে যাদের বলে গোয়ালা। এখন বিহারে প্রচলিত আছে গোয়ালাদের নাকি চল্লিশ বছরেও বুদ্ধি হয় না। এতে কিন্তু ওরা খারাপ কিছু ভাবেনা কারণ ওদের ধারনা অন্যরা চল্লিশ কেন আশী বছর বয়স হলেও বুদ্ধির দিক থেকে আরোও খাটো -যাকে কিনা বলে বুদ্ধির দিক থেকে একটু challenged.

এখন ব্যাপার হচ্ছে যে মোহনা রোজ সকালে ওর গোরুর দুধ দুয়ে বালতিতে করে সাইকেলে বা মাঝে মাঝে হেঁটে দুধ বিক্রী করতো। আমাদের বাড়ীতেও ওর কাছ থেকে দুধ নেওয়া হত। দুপুর দুটো কি আড়াইটের সময় দুধ বিক্রী করে ও সুরাবানে ওর বাড়ী ফিরত। বলাই বাহুল্য যখন বাড়ী ফিরত খুবই ক্লান্ত হয়েই বাড়ী ফিরত।

অন্য দিনের মত মোহনা একদিন বাড়ী ফিরছিল - খুবই ক্লান্ত। সে ঠিক করল মন্দারহিল রেল লাইনের পাশে খেজুর গাছের তলায় একটু জিরিয়ে নেবে। সুন্দর ফুরফুরে হাওয়া, খেজুর গাছের ছায়া, চড়চড়ে রোদ্দুর, ফিঙে আর ঘুঘু পাখীর ডাক - কার না আমেজ আসে! মোহনার ও এল- আর মন্দারহিলের রেললাইনকে পাশবালিশের মত জড়িয়ে মহানন্দে ঘুমিয়ে পড়ল। আড়াইটের আপ ট্রেন এসে চলে গেল কু ঝিক-ঝিক করতে করতে ভাগলপুর জংশনের দিকে। পৌনে তিনটে নাগাদ মোহনার ঘুম ভাঙল - "বহুৎ দেরী হই গেলে রে বাপ্" বলে ধড়মড় করে উঠে পড়ল দুধের খালি বালতি কাঁধে নিয়ে। হঠাৎ পায়ের দিকে তাকিয়ে, খুব ঘাবড়িয়ে গিয়ে ঊর্দ্ধশ্বাসে আমাদের বাড়ীর দিকে ছুটে চল্‌ল। বড়দার সামনে এসে -যুগল বাবু, যুগল বাবু করতে করতে - "বাপরে বাপ ই কি হোই গেলে -অব হমরা কি হোবে" - বলে চ্যাঁচামেচি লাগিয়ে দিল। বড়দা বললেন - "কি

হয়েছে?” “আরে যুগল বাবু, টিরিন তো চল্লি গেলে - আওর হমরা অঙ্গুলি ভি চল্লি গেলে”। দাদা দেখলেন মোহনার ডান পায়ের বুড়ো আঙ্গুল নেই - ট্রেনের চাকায় কাটা গেছে। আর মোহনা সেটা টের পেয়েছে ট্রেন চলে যাবার পোনের মিনিট পরে - যখন কিনা তার ঘুম ভেঙেছে। “বেটা - চালিস সাল উমর হই গেলে - আউর বুদ্ধি নহী আইলে আভিতক” বলে দাদা ওর দিকে তাকালেন। “আরে যুগল বাবু বুদ্ধি কাঁহা সে আইবে - হমার উমর তো চালিস নহী - অঠতিস হই গেলে - চালিস মে তো দু সাল আউর বাকী ছে।

এ তো গেল মোহনার গল্প। এবার আসা যাক দিপনার ব্যাপারে। দিপনা আমাদের ভাগলপুরের পাড়া নয়াটোলা ভিখনপুরের রিক্সাওয়ালা - বাঙালীরা যাকে বলেন রিক্সো! দিপনা রিক্সাওয়ালা হলে কি হবে - প্রচন্ড ভাল ঘুড়ির সূতোতে মাঞ্জা দিতে পারত। তাছাড়া প্যাঁচ খেলতেও ওস্তাদ। সুতরাং দিপনাকে না হলে আমাদের চলত না। আমাকে বলত ছোটাবাবু - আর আমার অনুরোধ কখনও ফেলতে পারতনা - এমনকি - সকাল দশটায় যখন রিক্সার সবচেয়ে বেশী চাহিদা তখনও আমি বললে সব ছেড়ে আমাদের সঙ্গে ঘুড়ির সূতোয় মাঞ্জা দিতে অথবা ঘুড়ি ওড়াতে চলে আসত।

আমাদের বাড়ীর সামনে একটা বিরাট ফাঁকা মাঠ ছিল। সবাই বলত বাড়ার মাঠ - কেন কে জানে। সেই মাঠের একপাশে এক কালের মিশ্রা জমিদারদের (মিশিরজী) এক পোড়ো বাড়ী ছিল। তার সামনে ছিল একটা বড় বেলগাছ। সবাই বলত সেটাতে নাকি একটা ব্রহ্মদত্তিও থাকে। সেই মিশিরজীদের এক উত্তরাধিকারী বসন্ত মিশির পাড়াতে মাতলামী করে ঘুরে বেড়াত। যাই হোক সেই বসন্ত মিশিরের গল্প পরে আবার বলব।

এখন সেই বাড়ার মাঠের আরেক পাশে একটা শুকনো কুয়ো ছিল - জল টল কিছু নেই। সেই মাঠে নতুন মাঞ্জা করা সূতোয় খুব ঘুড়ি ওড়ানো হচ্ছে। দিপনা আবার ঢিল দিয়ে প্যাঁচ খেলতে ভাল বাসেনা। ঘিচম-তাড়ী করে প্যাঁচ খেলাই ওর পছন্দ। ঢিল দিয়ে অথবা ঘিচম-তাড়ী করে প্যাঁচ খেলাটা যে কি বস্তু তা না বললে হয়তো আপনারা বুঝতে পারবেন না - আর না বুঝলে গল্পটাই জমবেনা। গোঁত্তা মেরে, ঘুড়িকে লাট্টু ঘুরিয়ে অন্যের ঘুড়িতে প্যাঁচ লাগাতে হয় - তারপর ঘুড়ির সূতোকে ঢিল দিয়ে যেতে হয় যতক্ষণ না একজনের সূতোর ধারে অন্যজনের সূতো কেটে যায়। সূতো ছাড়তে ছাড়তে একসময় অন্যদের সূতো কেটে গেলেই ভো-কাট্টা বলে চ্যাঁচাতে হয় - তাতেই আনন্দ। এটা হল ঢিল দিয়ে প্যাঁচ খেলা - এতে কেটে গেলে বেশ অনেকখানি সূতোই চলে যায়। অন্য দিকে প্যাঁচ লাগার পর খুব তাড়াতাড়ি ঘুড়ির সূতোকে গুটোতে থাকলে যার ঘুড়ির সূতো বেশী মজবুত

এবং যে খুব তাড়াতাড়ি সূতো গোটাতে পারে তারই জয়জয়কার। ঘুড়ি কেটে গেলেও কম সূতো নষ্ট হয়।

দিপনা যে ঘিচম-তাড়ীতেই মস্তান তা তো আগেই বলেছি। সেদিন শীতকালের সকাল - আকাশ পরিষ্কার, সুন্দর রোদ্দুর আর পরীক্ষাও হয়ে গেছে তাই দিপনা, আমি আর পাড়ার কিছু যারা দিপনার গুণগ্রাহী সবাই গেছি বাড়ার মাঠে। সামনেই একটা ঘুড়ি উড়ছিল - দিপনা লাগাল তাতে একটা প্যাঁচ। তারপর হু-ই-ই করে নিজের সূতো টানতে লাগল। আমরা তো সবাই সামনের দিকে হাঁ করে তাকিয়ে আছি - হঠাৎ দিপনার প্রচন্ড জোরে ভো-কাট্টা বলে চিৎকার। সামনের দিকে তাকিয়ে দেখি অন্য ঘুড়িটা লাট খেতে খেতে কেটে পড়ছে। পিছনে তাকিয়ে দেখি দিপনা নেই - কি ব্যাপার! ওমা, দেখি ঘিচম-তাড়ী করতে করতে সূতো তো গোটাচ্ছিলই- আর সেই সঙ্গে নিজেও পিছু হটছিল। সেটা যাতে আরোও জোরদার হয় সে জন্য রীতিমতন তাড়াতাড়ি সরছিল। সেটা করতে গিয়ে সেই শুকনো কুয়োর মধ্যে পড়ে গেছে। তাতেও কিন্তু সে সূতো গোটান ছাড়েনি - কুয়োর মধ্যে পড়ে গিয়েও সূতো টেনে যাচ্ছে আর ভো-কাট্টা বলে চ্যাঁচাচ্ছে।

আমাদের ভাগলপুরের বাড়ীতে কোন বিয়েই ছবিদাকে ছাড়া হয়না। ছবিদা রান্নার সব ব্যবস্থা - যেমন ভিয়েন থেকে শুরু করে মাছ কেনা, সব্জী-মশলাপাতি থেকে নিয়ে ঠাকুর জোগাড় করা, মাছের কালিয়া থেকে শুরু করে বেগুন-পটল ভাজা ইত্যাদি মেনু করা - সব একাই সামলাতেন। শুধু রান্না কেন - সামিয়ানা থেকে খাবার জলে কেওড়া মেশানর তদারকি সব করতেন এবং করতে ভালবাসতেন। এটা ছবিদার পেশা ছিলনা - এটা ছিল নেশা। এত সব করার পরেও খুব কড়া নজর রাখতেন সব দিকে। ওঁর নজর এড়িয়ে একটা লেডিকেনি, কি একটা মাছের মুড়ো অথবা একটা পটল ভাজা সরানর উপায় ছিলনা।

সুতরাং ছবিদার পরামর্শ ছাড়া খাওয়া-দাওয়া বা অন্যান্য ব্যবস্থা কিছুই হয়না। একদিন বাবা বললেন - “যা তো রে - ছবিকে এই দশপাতার ফর্দটা দেখিয়ে আনতো”। ছবিদা আমাদের পাড়াতেই থাকতেন - গেলাম। গিয়ে দেখি উঠোনে চেয়ারে ছবিদা বসে আছেন আর পাড়ার নাপিত ওঁর চুল কাটছে। ওঁকে ফর্দটা দেখাতে বললেন - “কিরে গুবলো, অম্বিকাদা পাঠিয়েছেন - পড়ে শোনা তো”। আমি পড়তে শুরু করলাম - বিরাট ফর্দ- তাই প্রায় তিরিশ মিনিট লাগল সব কটা পড়তে। পড়া হয়ে গেলে বললেন - “তুই আমার ডান দিকের কালা কানে সব শোনালি - কিছুই শুনতে পেলাম না - বাঁ দিকে অ-কালা কানে এসে শোনা”!

আমার গল্প প্রায় শেষ - বাদে শুধু এক লাট সাহেবের ঘটনা - আমার নিজের কানে শোনা। দেশে তখন ইংরেজরাজ জমজমাট। লাট সাহেব ডাক্তারের কাছে শুনে এসেছে গাধার দুধ রোজ সকালে খেলে নাকি বুড়ো বয়সেও মেধা ও বুদ্ধির কোন ঘাটতি হয়না। নিজের

বাংলোতে ফিরে এসে চাপরাশিকে হুকুম দিল - “যাও হমরা লিয়ে একঠো গাধা লাও - হামি দুধ পিয়েগা”। চাপরাশি কি বুঝল কে জানে - সারাদিন ঘুরে একটা গাধা নিয়ে এল। সেটা দেখে সাহেব তো চটে লাল। “তুম হমরা মাফিক গাধা কিঁউ লে আয়ে - হম তুমকো মেমসাহেব কা মাফিক গাধা কে লিয়ে বোলা। হমারা মাফিক গাধা কা কিয়া দুধ হোতা হ্যায়।“!!

নাইট্যকার

নন্দিতা ভাটনগর

আজকাল উত্তর আমেরিকার প্রায় প্রতি শহরেই দুর্গা পূজো হয়; নিদেন পক্ষে হয় বিজয়া সম্মিলনী। যখন প্রথম এসেছি এদেশে, শরৎকালের ভোরবেলায় ঘাসের ডগায় শিশিরের ঝিকিমিকি, ঘন নীল আকাশে সাদা মেঘের ভেলা দেখে মনটা যে কি ব্যথায় ভ'রে উঠতো, সে কাকেই বা বোঝাতে পারবো আজ। এখনও দেখি শরতের রং ধরে আকাশে; সীডারের বেড়ার গায়ে মাকড়সার জালে শিশির লেগে হীরের কুচি বসানো সীতাহারের মতো ঝলকায়। সেই সঙ্গে বাঙালী মহলে জাগে পূজোর সাড়া। এমন কি ছোট ছেলেমেয়েগুলো অবধি আনন্দে মেতে ওঠে! আগের মতো মন কেমন করবার সময়ই হয়না আমার; মেতে উঠি পূজোর আয়োজনে। তবু সব কিছুর ফাঁকে ফাঁকে ছোটবেলাকার সেই পূজোর দিনগুলো উঁকি মেরে যায়।

চল্লিশের দশক থেকে স্মৃতিটা নির্ভরযোগ্য। ওই সময়ের কোন একবারের পুজোর কথা বলি। যুদ্ধ চলেছে পুরোদমে। জিনিষপত্রের দাম, শুনি অগ্নিমূল্য! আগুনের আবার কি দাম - ভাবি নিজের মনেই। কোলকাতায় জাপানী বোমা পড়েছে কিছুদিন আগে। একদল শহুরে মানুষ বাসা বেঁধেছেন উত্তরবঙ্গের এই ছোট্ট মফস্বল শহরে। ওঁদের ছেলেমেয়েগুলোর সাজ-পোষাক, চাল-চলন, কথাবার্তা ভয়নক রকমের কোলকাতাইয়া! আমদের শহরে বিজলী বাতি, কলের জল কিম্বা আধুনিক টয়লেটের অভাবটা ওদের বড়ই অসুবিধেয় ফেলে। সেটা ওরা নাসিকাকুঞ্চনের মাধ্যমে বেশ ভাল করে বুঝিয়েও দেয়। আমরাও ছাড়িনা। যা কিছু ব্যতিক্রম তার বিরুদ্ধে জোট বাঁধাটা মানুষের জন্মগত অভ্যাস। আজ বিদেশে যে ব্যবহারটাকে 'ডিস্‌ক্রিমিনেশন' বলে সোচ্চারে প্রতিবাদ জানাই, ঠিক সেই পন্থায় আমরাও স্কুলে যাবার সময়ে ওদের উদ্দেশ্যে তারস্বরে ছড়া কাটতাম -'আসুন ইভাক্যু, বসুন ইভাক্যু, এনে দিই পান গুবাকু।' আমি অবশ্য থেকে যেতাম আড়ালে। কারণ - আমার বাবা ছিলেন ওদের সব বাড়ির পারিবারিক চিকিৎসক। তাঁর মারফৎ আমার এই অসভ্যতার কথা মা-পিসীমার কানে পৌঁছে গেলে, কান দুটো খামোখাই লম্বা হয়ে যেতে পারে, সে আশঙ্কা ছিল মনে।

ইতিমধ্যে হয়ে যায় পূজোর ছুটি। হঠাৎই দেখি শেষরাতে গায়ে কাঁথা টানতে হচ্ছে। ভোরের নরম সোনা-রোদ্দুরে ভ'রে যায় হীরেকষের রং ধরা আকাশটা। শিউলি তলায় বিছিয়ে থাকে ফুলের মুক্তো; নাড়া দিলেই হট্টমালার দেশের সেই গাছের মতো, মানিক ঝরায় বুড়ো গাছটা! চিনে কাগজী লেবুতলায় ফোটে ভুঁইচাঁপা আপন মনে। আর পেছনের মাঠে নাগকেশরের ঝরা কেশরের সমারোহ। অন্ধকার থাকতে আগমনী গেয়ে যায় বাউল-বোষ্টমীরা - দেখ গিরিরাণী, ওই আসেন ভবানী

ভুবন আলো করে সিংহ আরোহণে।

জলেশ্বরী কালীতলার চন্ডীমন্ডপে শুরু হয়ে যায় প্রতিমা গড়া। নেহাৎ এক চালচিত্রের ঠাকুর; সাবেকি ডাকের কাজ - তাই দেখি মুগ্ধ হয়ে। সেই 'ইভাক্যু'দের সঙ্গে তখন ভাবসাব হয়ে গেছে; ওরাও থাকে সঙ্গে। শহুরেগুলো এত কাছ থেকে ঠাকুর গড়া দেখেনি কখনও। ধাপে ধাপে কি ভাবে কি হচ্ছে, সেই জ্ঞান দান করে পরমতৃপ্তি পাই আমরা। বলি ওদের - এইটেকে বলে কাঠামো। খড়ের ওপর দড়ি জড়িয়ে তৈরী হচ্ছে ঠাকুরের হাত-পা। তারপর হবে কাদা দিয়ে একমেটে; তারপর খুব মিহি মাটি দিয়ে হবে দোমেটে। সেটা শুকোলে, তবে লাগবে রং। পুরুত মশাই বলেছেন, মায়ের গায়ের রং হবে -অতসীপুষ্পবর্ণ - অর্থাৎ অতসী ফুলের মতো হলুদ রং! সব কাজ শেষ হয়ে যাবে, বাকি থাকবে প্রতিমাদের মুখের কাজ; সে কাজ করবে পটুয়ারা। তারা আসবে মহালয়ার কাছাকাছি অন্য কোন শহর বা গ্রামের বায়না চুকিয়ে। ততদিন ঠাকুরদের মুখের ওপরে থাকবে পাতলা কাপড়ের ঢাকনা। হেড পটুয়া ভালো দিন দেখে, উপোস করে, স্নানের পর খুলবেন সেই মুখের ঢাকনা; একটানে আঁকতে হবে মায়ের চোখদুটি আর অন্য ঠাকুরদেরও। বেঁকে যাবার জোটি নেই; ভয়নক নাকি অমঙ্গল হবে - সেও

বলেছেন পুরুত মশাই! সব শেষে বাব্‌লার (কিম্বা বেলের - ঠিক মনে নেই) আঠা আর রেড়ীর তেল দিয়ে তৈরী তেলঘামে মুছিয়ে দেবে সব ঠাকুরদের মুখ। ব্যস্, সব কাজ শেষ। চমৎকৃত হয় ইভাক্যুরা।

ঐখানেই একদিন 'পাড়ার দাদা'দের আলোচনা কানে এল - এবারে নাকি হ্যাজাক বাতির বদলে 'ডাইনামো' (জেনারেটর) বসিয়ে জ্বালানো হবে বিদ্যুৎ বাতি! ইভাক্যুরা আবার নিল একহাত। বলল - হ্যাঁঃ, ও আর কি। আমাদের কোলকাতায় সিংহের চোখদুটো দপ্‌দপ্ করে জ্বলে-নেভে। মা দুগ্‌গার হাতের চক্রটা ঘোরে বন্‌বন্ করে। যদি বলতো - মা স্বরস্বতীর বীণাটাও বেজে ওঠে বিজলী বাতির কল্যাণে, - তাও বোধহয় বিশ্বাস করে ফেলতাম।

